

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০৩৮.২০১৫-৮৩৬

তারিখঃ ০২/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন 'সাভার উপজেলার তেতুলঝরা-ভাকুর্তা এলাকায় ওয়েলফিল্ড নির্মাণ (১ম পর্ব) প্রকল্প' এর আওতায় অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণ বাবদ অর্থ ক্ষতিগ্রস্ত মালিকদের পরিশোধ প্রসংগে।


- সূত্র : (১) ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬১৬.০০.০০.০১০.২০১২-১৭৭৬, তারিখঃ ০৪/০৭/২০১৭  
(২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০৫৯.২০১৬-১০৩, তারিখঃ ১২/০২/১৭  
(৩) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০৫৯.২০১৬-৮০৩, তারিখঃ ৩০/১০/১৬  
(৪) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০৫৯.২০১৬-৯৩৩, তারিখঃ ২৯/১২/১৬

ঢাকা মহানগরীর পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন 'সাভার উপজেলার তেতুলঝরা-ভাকুর্তা এলাকায় ওয়েলফিল্ড নির্মাণ প্রকল্প (১ম পর্ব)' শীর্ষক প্রকল্পটি গৃহিত হয়েছে। উন্নয়ন সহযোগী সংস্থা দক্ষিণ কোরিয়ার Economic Development Cooperation Fund (EDCF) এর আর্থিক ঋণ সহায়তায় এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় 'সাভার ও কেরানীগঞ্জ উপজেলার বিভিন্ন মৌজায় ১৯.২৮৬৫ একর জমি অধিগ্রহণের পর জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কর্তৃক ঢাকা ওয়াসার নিকট হস্তান্তর করা হয়েছে। উক্ত অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণ বাবদ অর্থ ঢাকা ওয়াসা জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর নিকট পরিশোধ করেছে। কিন্তু জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা জমির ক্ষতিপূরণ বাবদ ২২১ জন ক্ষতিগ্রস্ত জমির মালিকের মধ্যে ১৩২ জন ক্ষতিগ্রস্ত জমির মালিককে ক্ষতিপূরণের অর্থ প্রদান করেছে। অবশিষ্ট ৮৯ জন ক্ষতিগ্রস্ত জমির মালিক ক্ষতিপূরণের অর্থ এখনও পর্যন্ত পায়নি। ইতিপূর্বেও স্থানীয় সরকার বিভাগ হতে ক্ষতিগ্রস্ত মালিকদের ক্ষতিপূরণ বাবদ অর্থ পরিশোধের জন্য ২, ৩ ও ৪ নং সূত্রে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার 'সাভার উপজেলার তেতুলঝরা-ভাকুর্তা এলাকায় ওয়েলফিল্ড নির্মাণ প্রকল্প (১ম পর্ব)' বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত জমির ক্ষতিগ্রস্ত অবশিষ্ট ৮৯ জন মালিককে ক্ষতিপূরণ বাবদ অর্থ যথাযথ প্রক্রিয়ায় অতি দ্রুত পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ১০ ফর্দ।

জেলা প্রশাসক  
ঢাকা।

  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৩৭০  
e-mail: watersupply\_02@yahoo.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, সাভার উপজেলার তেতুলঝরা-ভাকুর্তা এলাকায় ওয়েলফিল্ড নির্মাণ (১ম পর্ব) প্রকল্প, ঢাকা ওয়াসা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।